

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৭৩(আগরতলা ১৩।০৬)

উদয়পুর, ১৩ জুন, ২০১৮

মৎস্য চাষের প্রশিক্ষণ শিবির

মৎস্য দপ্তরের উদ্যোগে গত অর্থ বছরে গোমতী জেলার ৮টি ব্লকে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১ হাজার ৬০০ জন মৎস্য চাষীদের নিয়ে বিজ্ঞান ভিত্তিক মাছ চাষের উপর এক দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়েছে। মৎস্য দপ্তরের মৎস্য বিশেষজ্ঞগণ শিবিরে মৎস্য চাষীদের প্রশিক্ষণ দেন। এই প্রকল্পে মোট ব্যয় হয়েছে ২ লক্ষ ৫৬ হাজার টাকা। চলতি অর্থ বছরেও জেলার ৮টি ব্লকে ১ হাজার ৫৬০ জন মৎস্য চাষীদের নিয়ে এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হবে। এতে ব্যয় ধরা হয়েছে ৩ লক্ষ ৯৫ হাজার ৪৬০ টাকা। এছাড়া, মাছের প্রক্রিয়াজাত করণ(ফিস প্রসেসিং) করার উপর জেলার ৫ জন মৎস্য চাষীকে নিয়ে চার দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে। শুকনো মাছ তৈরী করার উপর জেলার ৯ জনকে নিয়ে চার দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে। মৎস্য দপ্তর থেকে এ তথ্য জানানো হয়েছে।
